



ISO 9001:2015 Certified



ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি মহিপাল, ফেনী

স্মারক নং- ২৭.১২.৩০২৯.৫১৬.০১.০২৩.২৪.২৬৬৭

তারিখঃ ২৫ আষাঢ়' ১৪৩১ বঙ্গাব্দ
০৯ জুলাই, ২০২৪ খ্রিঃ।

“নিলাম দরপত্র বিজ্ঞপ্তি”

ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি, মহিপাল, ফেনী এর নিম্নবর্ণিত কনডেম ঘোষিত মালামাল সমূহ “যেখানে যে অবস্থায় আছে” ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান/এজেন্টের নিকট হতে সাদা কাগজে/প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত ত্রিকানা, স্বাক্ষরসহ সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছেঃ

ক্রমিক	বিবরণ	পরিমাণ	উদ্ধৃত একক মূল্য (টাকা)	উদ্ধৃত মোট মূল্য (টাকা)	দরপত্র দলিলের মূল্য (টাকা)
০১	সুপার এনামেল কপার তার	১৩,৮৯৩ কেজি			৩০০০.০০ (তিন হাজার)
০২	এ্যালুমিনিয়াম কন্ডাক্টর কাটপিস	১,১৩,৭১৪ কেজি			
০৩	স্টীল পোল	৪৫,০৬০ কেজি			

শর্তাবলীঃ

- ০১। আগ্রহী দরদাতাগণ ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে যে কোন তফসীলি ব্যাংক হতে দরপত্র দলিলের মূল্য বাবদ ৩০০০.০০ (তিন হাজার) টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট সংযুক্ত করতঃ ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি এর জেনারেল ম্যানেজার বরাবরে নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর/ পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (দঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা হতে আগামী ২৮/০৭/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন।
- ০২। আগ্রহী দরদাতাগণ আগামী ২৯/০৭/২০২৪ খ্রিঃ তারিখ বেলা ১২:০০ ঘটিকার মধ্যে সীলমোহরকৃত নিলাম দরপত্র ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি, মহিপাল, ফেনী অথবা পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড ঢাকায় রক্ষিত টেঙার বাঞ্চে দাখিল করতে হবে। দাখিলকৃত দরপত্রের খামের উপরে “নিলামে বিক্রয়যোগ্য মালামাল ক্রয়ের দরপত্র” লিখতে হবে। নির্ধারিত সময় উত্তীর্ণ হওয়ার পর কোন দরপত্র গ্রহণ করা হবে না।
- ০৩। দাখিলকৃত নিলাম দরপত্র সমূহ আগামী ২৯/০৭/২০২৪ খ্রিঃ বেলা ১২:০৫ ঘটিকায় ফেনী পবিস সদর দপ্তর মহিপাল, ফেনী এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকায় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০৪। নিলাম দরপত্রে উল্লেখিত ক্রম নম্বর অনুযায়ী আলাদা আলাদাভাবে দর উল্লেখ পূর্বক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। মালামালের নাম, একক দর, দরদাতার নাম-ত্রিকানা ইত্যাদি সু-স্পষ্টভাবে দরপত্রে উল্লেখ করতে হবে।
- ০৫। প্রতিটি ক্রমের মালামালের সর্বোচ্চ একক দর অনুযায়ী দরপত্র মূল্যায়ন করা হবে।
- ০৬। দরদাতাকে মোট উদ্ধৃত দরের ২৫% (পঁচিশ শতাংশ) হারে যে কোন তফসীলি ব্যাংক হতে ফেনী পবিস এর অনুকূলে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার আকারে নিরাপত্তা জামানত হিসাবে জমা দিতে হবে। নিরাপত্তা জামানত ব্যতীত দাখিলকৃত দরপত্র সরাসরি বাতিল বলে বিবেচিত হবে।
- ০৭। উল্লেখিত মালামালসমূহ অফিস চলাকালীন সময়ে ফেনী পবিস এর প্রশাসন বিভাগে যোগাযোগ করে পরিদর্শন করা যাবে।
- ০৮। সর্বোচ্চ ও গ্রহণযোগ্য দরদাতাকে দরপত্রের সাথে দাখিলকৃত নিরাপত্তা জামানত কালেকশনের পর মালামাল হস্তান্তর সংক্রান্ত বিষয়ে সিদ্ধান্ত জানানোর ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর শতাংশ) মূল্য এবং দরপত্রে উদ্ধৃত মোট মূল্যের উপর ১০% (দশ শতাংশ) উৎসে কর এবং ৭.৫% (সাত দশমিক পাঁচ শূন্য শতাংশ) মূল্য সংযোজন কর (ভ্যাট) নগদ/ পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট আকারে ফেনী পবিসের অনুকূলে পরিশোধ করে নির্দিষ্ট সময়ের মধ্যে বর্ণিত মালামাল সমূহ নিজ খরচে ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি, সদর দপ্তর, মহিপাল, ফেনী হতে গ্রহণ করতে হবে। অন্যথায় দরপত্রের সাথে দাখিলকৃত নিরাপত্তা জামানত বাবদ প্রদত্ত সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে।
- ০৯। দরপত্র সম্পর্কে কারো জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে দরপত্র খোলার নির্ধারিত তারিখের কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে নিম্ন স্বাক্ষরকারী বরাবর লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।
- ১০। বর্ণিত মালামালসমূহ সরবরাহের সময় ওজন করে দেয়া হবে। পরিমাণ কম/ বেশী হলে মূল্য সমন্বয় করা হবে।
- ১১। শর্ত বহির্ভূত কোন বিষয়ে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১২। দরপত্র দলিলে উল্লেখিত শর্তাবলী অত্র দরপত্র বিজ্ঞপ্তির শর্ত বলে বিবেচিত হবে।
- ১৩। কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা পবিস কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

“বিদ্যুৎ ব্যবহারে সশ্রমী হোন
এতে আপনার বিদ্যুৎ বিল কম আসবে”


০৯/৭/২৪
হাওলাদার মোঃ ফজলুর রহমান
জেনারেল ম্যানেজার
টেলিফোনঃ ০২৩৩৪৪-৭২৩০০